

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১০.২৩.০১৩.২২-২২৭


তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপন উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৮.০২.২০২২ তারিখ একসভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৭ মার্চ ২০২২ তারিখ সকাল ১০.০০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান, যুগ্মসচিব এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

০২। এছাড়া, উক্ত দিবস উদযাপন উপলক্ষে ৭ মার্চ ২০২২ তারিখ সকাল ১০.৩০ মিনিটে বিয়াম ফাউন্ডেশন অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

০৩। এ লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান, যুগ্মসচিব, উপসচিব, সিনিয়র সহকারী সচিব এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান, বিসিএস প্রশাসন একাডেমি এবং বিয়াম ফাউন্ডেশনের প্রশিক্ষণার্থীগণকে ৭ মার্চ ২০২২ তারিখ সকাল ৯:৪৫ মিনিটের মধ্যে বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৩.০৩.২০২২
(মো: এনামুল হক)
উপসচিব
ফোন: ৯৫৪০২১৮
adminint@mopa.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. রেজ্টার (সচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা
২. রেজ্টার (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা
৩. মহাপরিচালক (সচিব), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
৪. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৫. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
৬. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইন্সটান, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৮. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/সওব্য/সংস্কার ও গবেষণা/শৃংখলা ও তদন্ত/বিধি/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
১০. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
১১. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা
১২. উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
১৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভাইবার গ্রুপ এবং ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
১৭. অফিস কপি/মাষ্টার ফাইল